# কুমিল্লায় নাসা গ্রুপের শ্রমিকদের মহাসড়ক অবরোধ



কুমিল্লা মহাসড়ক অবরোধ। ছবি: সংগৃহীত

বকেয়া বেতনের দাবিতে কুমিল্লায় নাসা গ্রুপের শ্রমিকরা ঢাকা–চট্টগ্রাম মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন। মঙ্গলবার (৭ এপ্রিল) সকালে কুমিল্লা ইপিজেড এলাকায় তারা প্রথমে কর্মসূচি শুরু করেন, পরে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে এবং একপর্যায়ে মহাসড়কে নেমে অবরোধ গড়ে তোলেন শ্রমিকরা।

শ্রমিকদের অভিযোগ, গত প্রায় ২০ মাস ধরে তারা পাওনা বেতন পরিশোধের দাবি জানিয়ে আসছেন, কিন্তু নাসা কর্তৃপক্ষ এখনো তা পরিশোধ করেনি। এতে বহু শ্রমিক পরিবার চরম আর্থিক সংকটে পড়েছে এবং মানবেতর জীবনযাপন করতে বাধ্য হচ্ছে বলে তারা জানান। দ্রুত বকেয়া পরিশোধে সরকারের হস্তক্ষেপও দাবি করেন আন্দোলনকারীরা।

এদিকে মহাসড়ক অবরোধের খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে কাজ শুরু করে হাইওয়ে পুলিশ ও জেলা পুলিশ।

কুমিল্লা সদর দক্ষিণ মডেল থানার ওসি মো. সিরাজুল মোস্তফা জানান, বেতন বকেয়ার দাবিতেই শ্রমিকরা মহাসড়ক অবরোধ করেন। তিনি বলেন, যান চলাচল স্বাভাবিক রাখতে শ্রমিক নেতাদের সঙ্গে আলোচনা চলছে।

LENS ASIA